



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২

www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১০২/২২

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে গত ২৪ এপ্রিল, ২০২২ খ্রি. অভিযান পরিচালনা করে বরিশাল মেট্রোপলিটনের আওতাধীন নখুল্লাবাদ বাস স্ট্যান্ড এলাকা হতে “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম: আব্দুল্লাহ হাওলাদার, পিতা: মৃত: রিয়াজুল ইসলাম মালেক, মাতা: সাহিদা বেগম, গ্রাম: চরামাদ, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. এন্টি টেররিজম ইউনিট এবং সিএমপির কাউন্টার টেররিজম ইউনিট যৌথ অভিযান পরিচালনা করে মোহাম্মদ রুমেল নামক ‘আনসার আল ইসলাম’ এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছিল। ‘আনসার আল ইসলাম’ সদস্য মোহাম্মদ রুমেল ‘গুরাবা মুজাহিদ’ ফেসবুক আইডি ব্যবহার করে আনসার আল ইসলাম এর উগ্র মতাদর্শ প্রচার করত। গ্রেফতারকৃত রুমেল ২১ ফেব্রুয়ারি পালনকারীদের তাগুত আখ্যা দিয়ে চট্টগ্রাম বইমেলায় হামলার পরিকল্পনা করেছিল। রুমেলকে গ্রেফতার করে চট্টগ্রাম কোতয়ালি থানায় সম্মানবিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৮/৯(৩)/১১/১৩ ধারায় মামলা করা হয়। আদালত রুমেলকে জিজ্ঞাসাবাদের জন্য সময় মঞ্জুর করলে রুমেলের দেয়া তথ্য মতে এবং উক্ত মামলার তদন্তের সূত্র ধরে কার্যক্রম পরিচালনাকালে, আব্দুল্লাহ হাওলাদারের খোঁজ পাওয়া যায়। উল্লেখ্য, গ্রেফতারকৃত আব্দুল্লাহ হাওলাদার, ‘আব্দুল্লাহ আল মোবারক’ নামক ফেসবুক আইডি হতে ‘আনসার আল ইসলাম’ এর উগ্র মতাদর্শ প্রচার এবং কার্যক্রম পরিচালনা করছিল।

গ্রেফতারকৃত আব্দুল্লাহ হাওলাদার এর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

Abu

২৫/০৪/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd